32

দৈনিক ইত্তেফাক

তারিখ 01 APR 1996
পৃষ্ঠা ১ কলাম ৫

# ক্যাম্পাস উত্তপ্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রদল ও ছাত্রলীগ (শা-পা) কর্মীদের মধ্যে উত্তেজনা বিরাজ করিতেছে। যে কোন মুহূর্তে

(শেষ পৃ: ৫-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাস

(১ম পৃঃ পর)

রক্তক্ষয়ী সংঘাত বাঁধিয়া যাইতে পারে বলিয়া ছাত্র-ছাত্রীরা আশংকা করিতেছে। গতকাল (রবিবার) ক্যাম্পাসে একই সময়ে ছাত্রদল ও ছাত্রলীগের মিছিল হইতে 'উস্কানিমূলক' শ্লোগান ধ্বনি দেওয়া হয়। বেলা সাড়ে ১১টায় অপা-জেয় বাংলার পাদদেশে ছাত্রলীগের সমাবেশকালে ডাকসু ভবনমুখী ছাত্রদলের মিছিল ঐ এলাকা অতিক্রম-কালে উভয় দলের কর্মী-দের মধ্যে উত্তেজনা দেখা দেয়। উভয় সমাবেশ হইতে বক্তারা প্রতিপক্ষকে লক্ষ্য করিয়া উত্তপ্ত ভাষায় বক্তৃতা দেন।

ছাত্রদলের ডাকসু ভবনের সম্মুখের সমাবেশে দলীয় সভাপতি ফজলুল হক মিলন বলেন, ছাত্র-লীগের "চুনোপুটিদের" এবার শায়েস্তা করা হইবে। ছাত্রলীগ সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না বলেন, তাহাদের দাঁত ভাঙ্গা জবাব দেওয়া হইবে।

এদিকে ক্যাম্পাসে গতকাল রাতে থামিয়া থামিয়া গুলী বর্ষিত হয়। হলগুলিতে প্রকাশ্যে অস্ত্র নিয়া 'ক্যাডার'রা পাহারা দিতেছে। ছাত্র-ছাত্রীরা তীব্র উৎকণ্ঠায় বস-বাস করিতেছে।